

সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ২৩৮২

৮/ সওম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি রামায়ানের দিনে স্বীয় স্ত্রীর সাথে সহবাস করে, তার কাফ্ফারা।

باب كَفَّارَةِ مَنْ أَتَى أَهْلَهُ فِي رَمَضَانَ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، وَمُحَمَّدُ بْنُ عِيسَى، - الْمَعْنَى - قَالَ حَدَّثَنَا سُفْيَانُ، - قَالَ مُسَدَّدٌ - حَدَّثَنَا الزُّهْرِيُّ، عَنْ حُمَيْدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ أَتَى رَجُلٌ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ هَلَكْتُ . فَقَالَ " مَا شَأْنُكَ " . قَالَ وَقَعْتُ عَلَى امْرَأَتِي فِي رَمَضَانَ . قَالَ " فَهَلْ تَجِدُ مَا تُعْتِقُ رَقَبَةً " . قَالَ لَا . قَالَ " فَهَلْ تَسْتَطِيعُ أَنْ تَصُومَ شَهْرَيْنِ مُتَتَابِعَيْنِ " . قَالَ لَا . قَالَ " فَهَلْ تَسْتَطِيعُ أَنْ تُطْعِمَ سِتِّينَ مِسْكِينًا " . قَالَ لَا . قَالَ " اجْلِسْ " . فَأَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِعَرَقٍ فِيهِ تَمْرٌ فَقَالَ " تَصَدَّقْ بِهِ " . فَقَالَ يَا رَسُولَ اللَّهِ مَا بَيْنَ لَابَتَيْهَا أَهْلٌ بَيْنَ أَفْقَرٍ مِنَّا فَضَحِكَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى بَدَتْ ثَنَائِيَاهُ قَالَ " فَأَطْعِمَهُ إِيَّاهُمْ " . وَقَالَ مُسَدَّدٌ فِي مَوْضِعٍ آخَرَ أَنْبَاءَهُ .

বাংলা

২৩৮২. মুসাদ্দাদ ও মুহাম্মাদ ইবন হুইয়া আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদা জনৈক ব্যক্তি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর খিদমতে উপস্থিত হয়ে আরয করে, আমি ধ্বংস হয়েছি। তিনি জিজ্ঞাসা করেন, তোমার কী হয়েছে? সে বলে, রোযা অবস্থায় আমি আমার স্ত্রীর সাথে সহবাস করেছি। তিনি জিজ্ঞাসা করেন, আযাদ করার মত তোমার কোন দাস-দাসী আছে কী? সে বলে, না। তিনি বলেন, তুমি কি ক্রমাগত দু'মাস রোযা রাখতে সক্ষম? সে বলে, না। তিনি জিজ্ঞাসা করেন, তুমি কি ষাটজন মিসকীনকে খানা খাওয়াতে পারবে? সে বলে, না। তিনি তাকে বলেন, তুমি বস।

এ সময় নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এক 'ইরুক' (থলে ভর্তি) খেজুর এল। এরপর নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে খুরমা ভর্তি একটি থলে প্রদান করে বলেন, তুমি তা দ্বারা সাদকা করো। সে ব্যক্তি বলে, ইয়া রাসূলাল্লাহ! মদীনার উভয় পার্শ্বে আমাদের চেয়ে অভাবগ্রস্থ আর কোন পরিবার নেই। রাবী বলেন, এতে রাসূলাল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এমনভাবে হেসে ওঠেন যে, তাঁর সম্মুখের দস্তরাজি প্রকাশ হয়ে পড়ে। তিনি তাকে বলেন, তবে তেমরাই তা ভক্ষণ করো। রাবী মুসাদ্দাদ অন্য বর্ণনায় বলেন, তাঁর

দস্তরাজি বের হয়ে পড়ে।

English

Narrated Abu Hurairah:

A man came to the Prophet (ﷺ) and said: I am undone. He asked him: What has happened to you? He said: I had intercourse with my wife in Ramadan (while I was fasting). He asked: Can you set a slave free? He said: No. He again asked: Can you fast for two consecutive months? He said: No. He asked: Can you provide food for sixty poor people? He said: No. He said: Sit down. Then a huge basket containing dates ('araq) was brought to the Prophet (ﷺ). He then said to him: Give it as sadaqah (i.e. alms). He said: Messenger of Allah, there is no poorer family than mine between the two laves plains of it (Medina). The Messenger of Allah (ﷺ) laughed so that his eye-teeth became visible, and said: Give it to your family to eat. Musaddad said in another place: "his canine teeth".

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=34490>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন